Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই চৈত্র বুধবার ১৩৬২ ইংরাজী 21st Mar. 1956 { ৪৩শ সংখ্যা




দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল
খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই চৈত্র বুধবার সন ১৩৬২ সাল।

## কথার ঠিক

—•—

নীতিবিদ সংস্কৃতজ্ঞ ভারতীয় প্রাচীন পণ্ডিতগণ বলিয়াছেন—

"উদয়তি যদি ভানুঃ পশ্চিমে দিগ্বিভাগে,
প্রচলতি যদি মেরুঃ শীততাং যাতি বহ্নিঃ।
বিকসতি যদি পদ্মং পর্ব্বতানাং শিখাগ্রে
ন টলতি খলু বাক্যং সজ্জনানাং কদাচিৎ॥"

অর্থ—পশ্চিম দিকে সূর্য্য কখনও উদয় হন না, চিরদিন পূর্ব্ব দিকেই উদয় হইয়া থাকেন—যদি পশ্চিম দিকে তিনিও উদিত হন, চিরস্থির সুমেরু পর্ব্বত যদি চলে, বহ্নিতে অর্থাৎ আগুনে শীতলতা সম্ভব হয়, যদি পর্ব্বত শিখরে পদ্মফুল বিকশিত হয়, অর্থাৎ এই সব অসম্ভব ব্যাপারও যদ্যপি সম্ভব হয় তবুও সজ্জন ব্যক্তির বাক্য কখনও টলে না। আমরা এই ঋষিবাক্যে এতদূর বিশ্বাস স্থাপন করিয়াছিলাম—যে যাঁহাকে সাধু বা সজ্জন বলিয়া মনে করিতাম তাঁহার বাক্য কখনও নড় চড় হইবার নয় এ বিশ্বাস আমাদের ছিল। ইংরাজের অধীনে দীর্ঘ দুই শত বৎসর থাকিয়া পরাধীনতা আমাদের এত দূর অসহ্য হইয়া উঠিয়াছিল যে স্বাধীনতার জন্য যে সব নেতৃবৃন্দ আমাদের আশার ভাষণ শুনাইতেন, আমরা তাই বিশ্বাস করিতাম।

জনৈক ঋষি-কল্প ব্যক্তি বলিলেন ভারতকে বিভাগ করার সংকল্প করাও মহাপাপ। দেখিলাম তাঁহার ঋষি-কল্প চেলা চামুণ্ডারা ভারতের সিংহাসনে উপবেশন করিবার জন্য এত প্রলুব্ধ হইয়া উঠিয়াছেন [illegible] গুরুর প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াও তাঁহাকে দেশ-[illegible]তৃকার অঙ্গকে ছিন্ন বিচ্ছিন্ন করিবার নিজেদের [illegible]তেও সংক্রমিত করিয়া দেশকে খণ্ডিত [illegible] হইলেন। একজন ঋষি-কল্প ত্যাগী [illegible] রুষ ভাষণ দিয়া সাধারণের মনে এমন বিশ্বাস আনিতে সক্ষম হইলেন—যে দেশে দুর্নীতিপরায়ণ দুর্বৃত্তদের ধরিয়া ধরিয়া পথের ধারে ধারে ফাঁসিতে লটকাইবেন। বলুন দেখি—দেশ কি শান্তিপূর্ণ ভাব ধারণ করিবে—ইহাই লোকে আশা করিয়াছিল। দেশ বিভক্ত হইল, সরিকান ভাগ আমরাও পাইলাম অন্যেরাও পাইল। শত্রু খুঁজিতে আর বিদেশে যাইতে হইবে না রোজ সকালে উঠিয়া শত্রুর আক্রমণ প্রতীক্ষা করিতে হইতেছে।

ইংরেজ বাংলা দেশকে ১৯০৫ খৃষ্টাব্দে দ্বিখণ্ডিত করিবার মতলব করিয়াছিল, যেহেতু অধীন ভারতের এই বাংলার অধিবাসীরাই ইংরাজের দুস্‌মন ছিল। বাঙালী প্রাণপণ সংগ্রাম করিয়া সেই প্রবল পরাক্রান্ত ইংরাজকেও এমন অবস্থায় আনিতে সক্ষম হইয়াছিল, যে তাহারা বাংলা ভাগ করিবার মত পরিবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিল। মনে মনে কিন্তু বাংলাকে হীনবল করিবার জন্য মতলব করিয়া বাংলার পশ্চিমাংশস্থিত কয়েকটি জেলাকে বিহারের সামিল করিয়া বহু বাংলা ভাষা-ভাষীকে বিহার-কবলিত করিয়া পরোক্ষভাবে বাঙ্গালী জব্দ করিবার ফন্দী করিতে সফলকাম হইল। বিহারী নেতৃবৃন্দ এবং কংগ্রেস সে সময়ে বাংলার হৃত অংশ দিন পাইলেই বাংলাকে ফিরাইয়া দিয়া বাঙ্গালীদের এই অসুবিধা দূর করিবার প্রতিশ্রুতি দিয়া বাঙ্গালীর মনে ভাবী আশার বীজ বপন করিয়াছিলেন। কংগ্রেস দেশের শাসনভার পাইল। দেশের সীমা নির্দ্ধারণ কমিশন নিযুক্ত হইল। রাষ্ট্রপতির দেশ বিহার। সীমা নির্দ্ধারণ কমিশনের সভাপতিও একজন বিহারী মুসলমান নিযুক্ত হইলেন। বাংলার কংগ্রেস ও প্রধান মন্ত্রী ডাঃ রায় বাংলার ন্যায্য দাবি জানাইয়া কমিশনের নিকট দরবার করিলেন। কমিশন সব না দিলেও যৎসামান্য বাংলাকে দিয়া কিঞ্চিতে বঞ্চিত করেন নাই। তারপর কংগ্রেসের চারি প্রধান জহর-পন্থ-আজাদ-ধেবর কমিশনের প্রদত্ত স্থান হইতেও অনেক কমাইয়া বাংলার ভাগ্য নির্ণয় করিলেন। এই চারি প্রধানের বিচারে বোম্বাই ও উড়িষ্যায় মহাপ্রলয়-নাচন সুরু হইল। সরকার গোলা গুলি চালাইয়া অহিংস ব্রত উদ্‌যাপন করিলেন। বাংলা কমিশনের আগমনেও কোনও বিক্ষোভ বা অন্য কোন প্রকার আন্দোলন করে নাই।

হঠাৎ বাংলার মুখ্যমন্ত্রী ও বিহারের মুখ্যমন্ত্রী গণতন্ত্রী সরকারের মুখে চুণকালি লেপন করিয়া বাংলা বিহার সংযুক্তির হুজুগ জাহির করিলেন। কেন্দ্রীয় সরকার এই জনগণের অমতের ব্যবস্থাকে উৎসাহ দিয়া বাংলা-বিহার সংযুক্তির ওজরে বাংলা-বিহার এর সীমা নির্দ্ধারণ মুলতুবী রাখিয়া সীমা-নির্দ্ধারণ কমিশন বাংলাকে যা দিয়াছিলেন, তাও দিলেন না। দেশের চারি প্রধান যা দিয়াছিলেন, তাও দিলেন না। সীমা নির্দ্ধারণ ব্যাপারে বিহারের জিদই বজায় থাকিল।

বাংলা যে প্রতিবাদ স্বরূপ সত্যাগ্রহ আরম্ভ করিয়াছে, এমন অহিংস, শান্ত সত্যাগ্রহ কেহ কখনও দেখিয়াছেন কিনা সন্দেহ। গত ১৮ই মার্চ্চ রবিবার কলিকাতায় বিংশ দিবস অতিবাহিত হইয়াছে। সমগ্র পশ্চিম বাংলার সহরে সহরে সত্যাগ্রহ তিন দিন অতিবাহিত হইয়াছে। কোনও গোলমাল হয় নাই। বাঙালী ধীর স্থির শান্তভাবে তাহাদের সত্যাগ্রহ চালাইয়া যাইবে। অপর পক্ষ এই ধৈর্য্য ও শান্তি দেখিয়া বে-ইজ্জৎ ও বিপর্য্যস্ত হইতে চলিয়াছে। অপর পক্ষ হইতে "এজেণ্ট প্রভোকেটর" নিযুক্ত না হইলে হয়।

কংগ্রেস সরকার তাঁহাদের—এবং তাঁহাদের পূর্ব্ববর্ত্তী সজ্জনগণের প্রতিশ্রুতি স্মরণ করিয়া একটু বিচারবুদ্ধি প্রয়োগ করিলেই বুঝিতে পারিবেন—ইংরাজ বাঙ্গালীর যে মন্দ ও অবিচার করিতে পারে নাই, কংগ্রেস সরকার পূর্ব্ববঙ্গকে পাকিস্থান করিয়া ও পশ্চিমবঙ্গকে উদ্বাস্তুর ভার চাপাইয়া কি সুবিচারই করিতেছেন! সজ্জনের কথার মূল্য বাংলা বেশ বুঝিতেছে।

## "কারে সুখে রেখেছ হে দয়াময়!"

### *বিহারী ছাত্র সম্মেলন*

বিহার সরকার কিছুদিন আগে তথাকার ছাত্র-গণকে সস্নেহে আলিঙ্গন করিয়া কমিশন নিযুক্ত করিয়াছিলেন। বিহারের ছাত্র সমাজ কমিশনের রায়ে জয়লাভ করিয়াছে। তাঁহারা বাংলার ছাত্র সমাজ হইতে কয়েক জন প্রধান ব্যক্তিকে নিমন্ত্রণ

করিয়া লইয়া গিয়াছিলেন। নিম্নে তাহার বিবরণ দেওয়া হইল—

ডাঃ বিধানচন্দ্র রায় এবং শ্রীকৃষ্ণ সিংহের বঙ্গ-বিহার সংযুক্তির প্রস্তাবে শুধু বাংলা দেশের ছাত্র সমাজই বিক্ষুব্ধ হয় নাই, সারা বিহারের ছাত্রসমাজও যে কি পরিমাণে বিক্ষুব্ধ হইয়াছে, তাহা প্রমাণিত হয় গত ১১ই মার্চ্চ পাটনাতে অনুষ্ঠিত সারা বিহার সংযুক্তি বিরোধী ছাত্র সম্মেলনের মাধ্যমে। বিহারের ছাত্রসমাজ এই প্রস্তাবকে স্বেচ্ছাচারিতা, অগণতান্ত্রিকতা এবং একনায়কত্বের এক চরমপত্র রূপে অভিহিত করিয়াছে। প্রতিটি গণতন্ত্রকামী ছাত্রকে এই প্রস্তাবের বিরুদ্ধে অগ্রসর হইতে আহ্বান জানান হইয়াছে।

১১ই মার্চ্চ রবিবার পাটনাতে রেলওয়ে ইয়ং মেনস হলে বঙ্গ-বিহার সংযুক্তি বিরোধী সারা বিহার ছাত্র সম্মেলন শুরু হয়। সম্মেলনে বিহারের প্রায় সকল স্থান হইতেই প্রতিনিধি যোগদান করেন। ৩ জন সদস্যের দ্বারা গঠিত এক সভাপতি মণ্ডলীর দ্বারা সম্মেলন পরিচালিত হয়। এই সম্মেলনে বাংলা দেশ থেকে ১৪ জনের একটি নিমন্ত্রিত প্রতিনিধি দল উপস্থিত ছিলেন। ইহাদিগের ভিতর কলিকাতা বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়নের সভাপতি শ্রীপ্রবীর সাণ্ডেল, নিখিল বঙ্গ সমাজবাদী ছাত্র সংগঠনের সাধারণ সম্পাদক শ্রীঅরুণ মিত্র এবং সহ সভাপতি শ্রীঅমিয় চক্রবর্ত্তী, নিখিল বঙ্গ ছাত্র ব্লকের সাধারণ সম্পাদক শ্রীরণজা রায়, বঙ্গীয় প্রাদেশিক ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক শ্রীসুনীল সেন গুপ্ত প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

সম্মেলনে বঙ্গ-বিহার একীকরণের বিরুদ্ধে একটি প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবে বলা হয় যে দুইটি প্রদেশের একীকরণের দ্বারা ভারতবর্ষের বৃহত্তর জাতীয় ঐক্য এবং প্রগতি ব্যাহত হইবে। শিক্ষা, সংস্কৃতি, ভাষা, অর্থনীতি প্রভৃতি কোন দিকেই দুইটি প্রদেশের জীবন যাত্রার মিল নাই। এই মিলনের পিছনে কংগ্রেসের রাজনৈতিক স্বার্থ সিদ্ধি ছাড়া কোনরূপ আন্তরিকতা বা শুভ ইচ্ছা নাই। প্রস্তাবে সমগ্র দেশে সংযুক্তিকরণ প্রস্তাবের বিরুদ্ধে এক বিরাট আন্দোলন গড়িয়া তুলিবার জন্য ছাত্র সমাজকে আহ্বান জানানো হয়।

---

## সংযুক্তি প্রস্তাবের প্রতিবাদে সত্যাগ্রহী দল

গত ২০শে মার্চ্চ জঙ্গিপুর মহকুমার সত্যাগ্রহী দলকে সম্বর্দ্ধনা জানানোর উদ্দেশ্যে রঘুনাথগঞ্জ সদর ঘাটে এক সম্বর্দ্ধনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় পৌর সভাপতি। সত্যাগ্রহীদের পরিচয় করাইয়া দেন শ্রীবরুণ রায়

নিম্নলিখিত প্রতিষ্ঠান হইতে সম্বর্দ্ধনা জানান হয়। জঙ্গিপুর মহকুমা ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠন কমিটী, পৌরসভা, জঙ্গিপুর আর-এস-পি, দোকান কর্ম্মচারী সমিতি, মহিলা সমিতি, প্রাথমিক শিক্ষক সমিতি, ভারতী পত্রিকা, কলেজ ছাত্র সংসদ, দেশবন্ধু যতীন দাস পাঠাগার, সরস্বতী লাইব্রেরী।

নিম্নলিখিত সত্যাগ্রহী দল যোগদান করেন :— শ্রীকমল সাহা ( নেতা ), শ্রীরথীন্দ্র সিংহ রায় (ছাত্র), শ্রীবীরেন্দ্রনাথ ঘোষ (ছাত্র), শ্রীদিলীপ রায়, শ্রীঅর্দ্ধেন্দুশেখর দাস, শ্রীবিলাসকুমার দাস, শ্রীমনোরঞ্জন পোদ্দার।

---

## পারিতোষিক বিতরণ

গত ৪ঠা চৈত্র রবিবার বৈকাল ৪ ঘটিকায় কাঞ্চনতলা জগবন্ধু ডায়মণ্ড জুবিলী বিদ্যালয়ের পারিতোষিক বিতরণী সভা সুসম্পন্ন হইয়াছে। জঙ্গিপুরের সার্কেল অফিসার শ্রীমণিশঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয় সভাপতিত্ব করেন ও পারিতোষিক বিতরণ করেন। সভায় বহু নিমন্ত্রিত ভদ্রলোক যোগদান করিয়াছিলেন। ছাত্রগণের সঙ্গীত, আবৃত্তি ও নাটিকা অভিনয় খুব সুন্দর হইয়াছিল। সভা শেষে নিমন্ত্রিত জনগণকে জলযোগে আপ্যায়িত করা হয়।

---

## মহান্তের দেহান্ত

গত ৪ঠা চৈত্র রবিবার নশীপুরের মহান্ত ভগবান দাস মহাশয় পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮০ বৎসর হইয়াছিল বলিয়া প্রকাশ।

---

## ডাকাতি

গত ১০ই মার্চ্চ শনিবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত তেঘরী গ্রামে শ্রীনীলরতন রায় মহাশয়ের বাড়ীতে এক ডাকাতি হইয়াছে। ডাকাতগণ নগদ দুই হাজার টাকা, কিছু সোনার গহনা ও বন্দুকটি লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত হইতেছে।

---

## বন্যেশ্বর মেলা

পূর্ব্ব পূর্ব্ব বৎসরে মেলা হইতে বাড়ী ফিরিবার পথে যাত্রিগণের গাড়ী লুট তরাজ হওয়ার সংবাদ পাওয়া যাইত। এবার মুর্শিদাবাদ ও বীরভূমের পুলিশের সতর্কতায় কোন প্রকার লুট তরাজ হয় নাই। এবার কর্ত্তৃপক্ষ মেলাতে জুয়া-খেলা বসতে দেন নাই।

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আগামী ১৯৫৬ সালের ১৭।৪।৫৬ তারিখে বেলা দুই ঘটিকার সময় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত বন্দুক প্রভৃতি প্রকাশ্য নিলামে বহরমপুর সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের কোর্টে বিক্রয় করা হইবে।

---

## বিজ্ঞাপন

আমি ১৯৩৪ খৃষ্টাব্দে আমার জ্যেষ্ঠতাত পুত্র শ্রীবিশ্বেশ্বর ঘোষালের নামে একখানা আমমোক্তারনামা সম্পাদন করিয়াছিলাম। তাহাতে আমার স্বার্থের প্রভূত হানি হইয়াছে। এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানাইতেছি যে উক্ত আমমোক্তারনামা আম নাকচ, রদ ও বাতিল করিলাম। শ্রীবিশ্বেশ্বর ঘোষাল আমার সম্পত্তি সম্বন্ধে বা আমার পক্ষে কোন কার্য্য করিতে পারিবে না ও তাহার কোন কার্য্য দ্বারা আমি বাধ্য হইব না। ১৯।৩।৫৬

শ্রীরামপ্রসাদ ঘোষাল।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৮ই এপ্রিল ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৬২ থাং ডিঃ অরুণকুমার রায় নাবালক দিং দেং মুলিরাম মণ্ডল দিং দাবি ২৪৪৮৶০ থানা সাগরদীঘি মৌজে সিংহেশ্বরী গৌরীপুর ১-৩৭ শতকের কাং ১০।৫ মণ ধান্য আঃ ২০৲ থং ৩৭১ কোর্ফা স্বত্ব

সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি



পুষ্পগন্ধে সুরভিত

ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিক্সম" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, (...)ঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডে কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## ভাগ্যবানদের তালিকা !

পশ্চিমবঙ্গ বিধানসভায় ব্যয় বরাদ্দের দাবী সম্পর্কে আলোচনা কালে শ্রীসুহৃদ মল্লিক চৌধুরী বেবি-ট্যাক্সির পারমিট কাহারা পাইয়াছে, তারই কতকগুলি নাম উদ্ধৃত করেন।

শ্রীযুক্ত চৌধুরী বেবি-ট্যাক্সির পারমিট কিভাবে কংগ্রেসের লোক এবং তাঁহাদের পেটোয়াদের মধ্যে পারিতোষিক হিসাবে বিতরণ করা হয়, দৃষ্টান্ত সহকারে তাহার বিবরণ দেন। তিনি একটি তালিকা হইতে ট্যাক্সির নম্বরসহ পারমিটপ্রাপ্তদের কতকগুলি নাম প্রকাশ করেন এবং কংগ্রেস নেতা-দের সহিত তাঁহাদের সম্পর্ক দেখান। নামগুলির মধ্যে রাষ্ট্রমন্ত্রী শ্রীগোপিকাবিলাস সেন, ডাঃ প্রতাপ গুহ রায়, শ্রীযুক্তা পাল চৌধুরী, শ্রীযুক্তা রেণুকা রায়ের আত্মীয়, শ্রীযুক্তা পূরবী মুখার্জির ভ্রাতা প্রভৃতির নাম ছিল। (বীরভূম-বার্ত্তা)

---

## বিনা দাবিতে বিবাহ

গত ২৩শে ফাল্গুন বুধবার জিয়াগঞ্জের শ্রীকালীপ্রসাদ ভট্টাচার্য্য মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীগোবিন্দপ্রসাদ ভট্টাচার্য্যের সহিত বহরমপুর কাদাই নিবাসী শ্রীরবীন্দ্রনাথ সান্যাল মহাশয়ের কনিষ্ঠা কন্যা কুমারী স্মৃতিরাণী দেবীর শুভ বিবাহ সম্পন্ন হইয়াছে। বিবাহে পাত্রপক্ষ কোনরূপ দাবি করেন নাই। আমরা নবদম্পতির মঙ্গল কামনা করিতেছি।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ৯ই এপ্রিল ১৯৫৬

১৯৫৪ সালের ডিক্রীজারী

৭২৯ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং শ্রীমন্ত মণ্ডল দিং দাবি ৪৪৮/৯ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ৩১ শতকের কাত নিজাংশে ৶১১ পাই আঃ ৫৲ খং ৩৫৯

১৯৫৫ সালের ডিক্রীজারী

৪২০ থাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং নাথু মণ্ডল দাবি ১৬৪৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৭২ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৭০৲ খং ৪৩২

৪২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১১৯ মৌজাদি ঐ ৫১ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৫০৲ খং ৪২২

৪২৮ থাং ডিঃ ঐ দেং নাথু মণ্ডল দিং দাবি ১০৩।৶০ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৩০৲ খং ৪১৪

৪২১ থাং ডিঃ ঐ দেং হরগোবিন্দ মণ্ডল দিং দাবি ১৪৭॥৶৩ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৬৫৲ খং ৪০৩

৪২৩ থাং ডিঃ ঐ দেং খগেশ্বর মণ্ডল দিং দাবি ২২৯৶৬ মৌজাদি ঐ ১-২১ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ১১৫৲ খং ৪১৪

৪২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৮৷৴০ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ১০০৲ খং ৪০৮

৪২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯১৷৶৬ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৪০৲ খং ৪১২

৪২৭ থাং ডিঃ ঐ দেং পাঙ্কি মণ্ডলানী দাবি ৮৪।৶৬ মৌজাদি ঐ ২৯ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ২৫৲ খং ৪০০

৪২৯ থাং ডিঃ ঐ দেং শ্রীচরণ মণ্ডল দাবি ১১৫।৶৬ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত শস্যের অর্দ্ধেক আঃ ৪৫৲ খং ৪২০

২৭৩ থাং ডিঃ ভোলানাথ চট্টোপাধ্যায় দিং দেং সত্যনারায়ণ দাস দিং দাবি ৪৭॥৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ২-৩৮ শতকের কাত ৬৲ আঃ ২৩৫৲ খং ১৭৪, ৪১৫, ৬৪৭

২৫৬ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং মোসলেম সেখ দিং দাবি ৪৯॥৬ পাই থানা রঘুনাথ-গঞ্জ মৌজে বাড়ালা ১-২২ শতকের কাত ৮৲ আঃ ১২০৲ খং ১০৫৫, ৮৪৪

১৪২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং গান্ধী সেখ দিং দাবি ২৪৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামচন্দ্রবাটী ১৭ শতকের কাত ২।৶৬ আঃ ১৭৲ খং ৭০০

৪৩৭ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং নরেন্দ্রনাথ চৌধুরী দাবি ৭৬॥৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৩-৩৪ শতকের কাত ৩০৲ আঃ ৩৩০৲ খং ১৮৫

৪৩৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৶০ থানা ঐ মৌজে আমগাছী ১-৬ শতকের কাত ১০৲ আঃ ১০০৲ খং ৮৫

৪০৩ থাং ডিঃ ঐ দেং লুতফুর রহমান সেখ দিং দাবি ১৩॥৴৬ থানা ঐ মৌজে বাহুড়া ৫২ শতকের কাত ১৲ আঃ ৫০৲ খং ৫৮

৪০৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৶৬ মৌজাদি ঐ ২১ শতকের কাত ৮০ আঃ ২০৲ খং ৫৯

১৫৯ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং হবিবুর রহমান মিঞা দিং দাবি ৪৩৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলীয়া ১-৩৮ শতকের কাত ৩॥৶৪ পাই আঃ ১০০৲ খং ১৮৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০২ থাং ডিঃ ঐ দেং হবিবুর রহমান মিঞা দাবি ৫২।৯ থানা ঐ মৌজে বড়শিমুল ও দোনলীয়া ১-৪৩ শতকের কাত ৩।৶৯ পাই আঃ ১৪০৲ খং ৪৪১ ১৭৯ ঐ স্বত্ব

৩৫০ থাং ডিঃ হেমন্তকুমার বাগচী দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২৪৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ১-৬ শতকের কাত ১৮০ নিজাংশে ৶৬ পাই আঃ ১০০৲ খং ২৬০ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৫১ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং সত্য-নারায়ণ সরকার দিং দাবি ২৮৫৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ৴২৮০ জমির কাত ৪৶০ আঃ ২০৲ খং ১০৪

৩৫৩ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং আত্তার বিশ্বাস দিং দাবি ১৩৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়া-ডাঙ্গা ৫৯ শতকের কাত ১।৬ আঃ ৫৫৲

৩৫৪ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার রায় [illegible] ২১৶৬ মৌজাদি ঐ ২-৬৫ শতকের কাত [illegible] ২৬৫৲ খং ১৬৪

২৯৭ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দি[illegible] বিভুষিণী দাসী দিং দাবি ২[illegible]৶৬ [illegible]

মৌজে বাঘা ৩-২১ শতকের কাত ৯।/০ আঃ ২৫০৲ খং ১৫৮ স্থিতিবান স্বত্ব

২৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৷৹ মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ১৵৩ আঃ ৬৫৲ খং ৬২ ঐ স্বত্ব

৩৩৯ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দেং ইন্দ্রচন্দ্র সিংহ দাবি ৫১৶৹ থানা স্থতী মৌজে বংশবাটী ৬১ শতকের কাত ৭।/৪ আঃ ৬০৲ খং ১৯০৫

৩৪০ থাং ডিঃ ঐ দেং হরিশচন্দ্র মুখোপাধ্যায় দাবি ২৫॥৵৯ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ২॥৵১০ আঃ ৩০৲ খং ১১৭০ অধীনস্থ খং ১১৭৮।১১৭২

২৮০ থাং ডিঃ বিবি আমাতুস স্থফিয়া সাহেবা দিং দেং জগন্নাথ দাস দিং দাবি ৬৩।৩ পাই থানা স্থতী মৌজে ফতেপুর ১-৮৮ শতকের কাত ৬৸৵১৫ নিজাংশে ২৵১৬॥০ আঃ ১৮০৲ খং ২৮৯ ও ২৯০

৪৩৬ থাং ডিঃ রাজেন্দ্রনাথ তেওয়ারী দিং দেং আবেদ সেথ দিং দাবি ১৬॥৶৬ থানা স্থতী মৌজে হারোয়া ৪৩ শতকের কাত ৸৵১১ পাই আঃ ৪০৲ খং ২৫৩

৩৩৩ থাং ডিঃ অন্নপূর্ণা রায় ওরফে অন্নপূর্ণা দাসী দেং অমরেন্দ্রনাথ দাস দিং দাবি ৩৩॥/৯ থানা স্থতী মৌজে শিধরী ৮১ শতকের কাত ১৩॥৵৭ আঃ ৮০০৲ খং ৯৮ অধীনস্থ খং ৪৯৯ হইতে ৫০১, ৫০৩ হইতে ৫০৫ মোকররী স্বত্ব

৩৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭।৵০ থানা ঐ মৌজে অমরপুর ১৩-৫ শতকের কাত ১০৸/৯ আঃ ১৩০০৲ খং ১৯৫ অধীনস্থ খং ১৯৬, ১৯৭, ১৯৮, ১৯৯ ঐ স্বত্ব

৪০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৲ থানা ঐ মৌজে গোপালনগর ২-৩ শতকের কাত ১॥৵১১ আঃ ২০০৲ খং ৮০ ঐ স্বত্ব

৪০৬ থাং ডিঃ ননীগোপাল চক্রবর্ত্তী দেং গণেশ ঘোষ দিং দাবি ১২৸৶৩ থানা ঐ মৌজে রাতুরী ৫৪ শতকের কাত ।৵০ আঃ ৫০৲ খং ৫৬৭ রায়ত স্থিতি-বান স্বত্ব

৪১৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪॥৶৩ মৌজাদি ৭৬ শতকের কাত ॥৵০ আঃ ৭৫৲ খং ৫১৮ ঐ

৫০৮ থাং ডিঃ ঐ দেং হেমাঙ্গিনী দাসী দাবি মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ১।/০ আঃ

স্বত্ব

৪০৯ থাং ডিঃ ঐ দেং আবদুল গণি সেথ দাবি ১৮৵৩ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১।/১৬।০ আঃ ১০৲ খং ৪৪৫ ঐ স্বত্ব

৪১০ থাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর সেথ দিং দাবি ১৮৵৩ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ১।/১৬।০ আঃ ২০৲ খং ৪৪৪ ঐ স্বত্ব

৪১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮।৶৩ মৌজাদি ঐ ২১ শতকের কাত ১।৵১৫ আঃ ৫৲ খং ৪৩৩ ঐ স্বত্ব

৩১৬ থাং ডিঃ ট্রাষ্ট রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং সৈয়দ আরসেদ রেজা মিঞা দাবি ১৭/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ১৮ শতকের কাত ২/৮ আঃ ১০৲ খং ৪৬৪

১ মনি ডিঃ আমেনা বিবি দেং তামসের সেথ দাবি ৮৮২॥৵৬ থানা স্থতী মৌজে বহুতালী ৭-৮২ শতক মধ্যে ৬৫ শতকের কাত ১৬॥৶০ আঃ ১০০০৲ খং ৬৪৫

৭ অন্য ডিঃ রমাপতি রবিদাস দেং ভক্তিভূষণ রবিদাস দাবি ২১৭॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১৪ শতকের কাত ॥/০ আঃ ২০৲ খং ২২০ ২নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ॥০ আঃ ২৫৲ খং ২৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৪৪ থাং ডিঃ মণীন্দ্রনারায়ণ রায় দিং দেং দানেশ সেথ দিং দাবি ২৩৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাণীনগর ১৫ শতকের কাত ২॥৵০ আঃ ১০৲ খং ৩৪ কোর্ফা স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৮ই এপ্রিল ১৯৫৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

৩৫১ থাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং আক্তোল সেথ দিং দাবি ৩৩।৵৯ থানা সাগরদীঘি মৌজে বেলাইপাড়া ৫২ শতকের কাত ৪৻৩ আঃ ৫০৲ খং ১২০

৩৫২ থাং ডিঃ ঐ দেং মাজা বিবি দিং দাবি ৮৬।৶০ মৌজাদি ঐ ১-৮৭ শতকের কাত ১৩॥৵৬ আঃ ৭৫৲ খং ১১৯

৩৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬॥৯ থানা ঐ মৌজে জাগলাই ৮৪ শতকের কাত ৫/৭ আঃ ১৫০৲ খং ১০০

৩৫৪ থাং ডিঃ ঐ দেং নাবের সেথ দাবি ৩২৸৶৬ পাই থানা ঐ মৌজে বেলাইপাড়া ১-৬৬ শতকের কাত ৯৸/৬ আঃ ১৫০৲ খং ১০০

৩৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৯।৶৩ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ৭।৶৯ আঃ ১৫০৲ খং ১০১

৩৬০ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং দাউদ সেথ দিং দাবি ৩০৶৯ পাই থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ১-২০ শতকের কাত ৪॥৶০ আঃ ৫০৲ খং ৩০০

৩৩৭ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং আবদুল কুদ্দুস সেথ দিং দাবি ১০৯॥৶৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৮৩ শতকের কাত ১৫॥/০ আঃ ৫০০৲ খং ৫০১ অধীনস্থ খং ৫০২ রায়ত স্থিতবান স্বত্ব

৩৫৬ থাং ডিঃ মহান্ত গণপতি দাস গোস্বামী দেং ফণিভূষণ মণ্ডল দিং দাবি ১৯৸৵৩ থানা সাগর-দীঘি মৌজে নওপাড়া ৪০ শতকের কাত ১॥৶১০॥০ আঃ ৫০৲ খং ৫১২।৫১৫

৩৫০ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং জগন্নাথ সাহানা দিং দাবি ১১১॥/৬ থানা সাগরদীঘি মৌজে ডাংরাইল ও সাগরদীঘি ৩-১৭॥০ শতকের কাত ১৭।৵১২॥০ আঃ ২০০৲ খং ডাংরাইল ২০০, সাগরদীঘি ৬৫

৩২৭ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দিং দেং রামানন্দ ভকত দিং দাবি ১৪৩।৵১০ পাই থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৫-৩৮ শতকের কাত ২২৵১০ আঃ ৫০০৲ খং ২৬৩ রায়ত স্থিতিবান

১৫৫ থাং ডিঃ রাজবাই বর্ম্মণ্যা দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৩৯।৶৯ পাই থানা সাগর-দীঘি মৌজে নওপাড়া ৩-১৫ শতকের কাত ৯৲ আঃ ৩০০৲ খং ৩৪৬ অধীনস্থ খং ২০

১৬ মনি ডিঃ দ্বিজপদ দে দিং দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ৪২৭।৵৩ পাই থানা সাগরদীঘি মৌজে বেলড়িয়া ১-৮২ শতক পুকুর জল মায় পাহাড় পুকুরের প্রকাশ্য নাম রামসাগর পুষ্করিণী দেন্দারের ।৵০ আনা অংশ আঃ ৩০০৲ খং ৩৬৬

২৩ মর্গেজ ডিঃ খোষমহম্মদ বিশ্বাস দেং সুরাতন বিবি দিং দাবি ১৩৬॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে শিবপুর ৬/০ জমির কাত ৭॥০ আঃ ৫০০৲